

## বরিশাল পলিটেকনিক চতুর্থ তলা থেকে ছাত্রকে ফেলে দিল ছাত্রলীগ

বরিশাল যুগে

বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউট ইরাকানি শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কর্মী এক ছাত্রকে মারধর করে ছাত্রাবাসের চতুর্থ তলা থেকে ফেলে দিয়েছে ছাত্রলীগ। এ হানসার ঘটনায় ছাত্র আন্দোলনের আরও এক কর্মী আহত হন। সোমবার রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। ফেলে দেয়া ছাত্রের নাম ইব্রাহীম (২০)। তার অবস্থা আশংকাজনক। অপর আহতের নাম শিমুল (১৮)। আহতদের শেবাচিন হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইব্রাহীমের অবস্থা আশংকাজনক হওয়ায় রাতেই তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। ইব্রাহীম ও শিমুল যথাক্রমে পলিটেকনিক ইন্সটিটিউটের ইলেকট্রিক বিভাগের ৭ম ও ৩য় পর্বের ছাত্র। ইব্রাহীম বরিশালের পৌরনগী উপজেলার আশোকাঠি গ্রামের হাডেন আলীর ছেলে এবং শিমুল রাজশাহী জেলার মনিরুল ইসলামের ছেলে। তারা ইন্সটিটিউটের প্রধান ছাত্রাবাসের পূর্ব ব্লকের চতুর্থ তলায় ৪০১ নম্বর কক্ষে থাকত। প্রত্যাক্ষদর্শীরা জানান, একই কলেজের ছাত্র ছাত্রলীগের রেজা মৈকত, মাসুম ও সিকাত দাতিসোঠা নিয়ে কলেজের প্রধান ছাত্রাবাসের চতুর্থ তলার ৪০১ কক্ষে প্রবেশ করে ইব্রাহীমকে খুঁজতে থাকে।